

# যায়যায়দিন

তারিখ ... 2 JUL 2008 ...  
পৃষ্ঠা ... ৬ ...

## রংপুর বিশ্ববিদ্যালয়ে আসন্ন শিক্ষাবর্ষে ছাত্রভর্তির পরিকল্পনা

যাযাদি রিপোর্ট

দুটি ক্যাম্পাসের অধীনে ছয়টি বিষয় দিয়েই রংপুর বিশ্ববিদ্যালয়ে আসন্ন শিক্ষাবর্ষে ছাত্রভর্তির পরিকল্পনা করা হয়েছে। পরবর্তী পাঁচ বছরের মধ্যে বিষয়ের সংখ্যা ১১তে উন্নীত হবে।

রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের লক্ষ্যে সিগিগিরই একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করা হবে এবং এ প্রকল্প বাস্তবায়নের জন্য একজন অভিজ্ঞ, পূর্ণদক্ষ সম্পন্ন ও প্রশাসনিকভাবে দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হবে। শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিব্বুর রহমানের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে

## রংপুর বিশ্ববিদ্যালয়ে আসন্ন শিক্ষাবর্ষে (শেষ পৃষ্ঠার পর)

গতকাল ঢাকায় বসবাসরত বৃহত্তর রংপুর অঞ্চলের বিশিষ্ট নাগরিকদের সঙ্গে রংপুর বিশ্ববিদ্যালয় স্থাপন বিষয়ে এক মতবিনিময় সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ মোজাম্মেল হক খান, প্রধান (পরিকল্পনা) মোহাম্মদ মেজবাহ উদ্দিন, মুগ্ধ সচিব (বিশ্ববিদ্যালয়) এ জেড এম শফিকুল আলম, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর কে এম আওরঙ্গজেব, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী এ কে এম শাহজাহান পাটোয়ারী প্রমুখ।

তরুতে বিজ্ঞান ও প্রকৌশল এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে অংক, কম্পিউটার বিজ্ঞান, বাংলা, ইংরেজি, অর্থনীতি ও বিবিএ বিষয় খোলা হবে। পরবর্তী সময়ে পাঁচ বছরে ক্রমান্বয়ে পরিবেশ বিজ্ঞান ও ভূগোল,

টেলিযোগাযোগ বিজ্ঞান, পরিসংখ্যান, ডেভেলপমেন্ট টেকনিক ও আইন বিষয় যোগ করা হবে।